

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 21-02-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Rajbhasha Conference :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের ইন্ডোর এক্সিবিশন হলে পূর্ব, উত্তর-পূর্ব ও উত্তর অঞ্চলের জন্য যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করেন। রাজভাষা নীতির কার্যকর বাস্তবায়নকে আরও সুদৃঢ় করা এবং সরকারি কাজকর্মে হিন্দির ক্রমবর্ধমান ব্যবহারে উৎসাহ প্রদান করাই এই সম্মেলনের মূল উদ্দেশ্য। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ত্রিপুরায় ভাষাগত সম্প্রীতির কথা তুলে ধরে বলেন, বাংলা, হিন্দি ও ককবরক-এই তিনটি ভাষা ত্রিপুরায় সমান্তরালভাবে প্রচলিত এবং মানুষ পারস্পরিক শ্রদ্ধাবোধ বজায় রেখে এই ভাষাগুলি ব্যবহার করছে।

International Mother Tongue Day :

আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। রাজ্যভিত্তিক এই অনুষ্ঠান বেলা ১২টায় আগরতলা সুকান্ত একাডেমি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানের উদ্বোধন করবেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ।

এদিকে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬” উপলক্ষে সকাল ৯টায় বাংলাদেশ সহকারী হাই কমিশনে জাতীয় সঙ্গীত পরিবেশনের সঙ্গে জাতীয় পতাকা অর্ধনমিত করা হবে। পরে দূতালয় প্রাঙ্গণে স্থাপিত অস্থায়ী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হবে।

TTAADC- Polling Station :

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করবে আজ। এদিকে, এডিসি নির্বাচনের জন্য খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ২৭শে ফেব্রুয়ারী। ঐদিন থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হবে। তা চলবে আগামী ৬ই মার্চ পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ১০ই মার্চ। এডিসি নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ১৩ই মার্চ। ভারতের নির্বাচন কমিশন কর্তৃক ত্রিপুরার জন্য ২০২৫ সালের পয়লা অক্টোবর প্রকাশিত সর্বশেষ চূড়ান্ত ভোটার তালিকার ভিত্তিতে এডিসি নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবে রাজ্য নির্বাচন কমিশন।

Dharmanagar-Bye Election :

ভারতের নির্বাচন কমিশনের আদেশ অনুসারে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী ২৮শে ফেব্রুয়ারী। খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছিল গত ২২শে জানুয়ারী। খসড়া ভোটার তালিকার উপর গৃহীত দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে আজ। রাজ্য নির্বাচন দপ্তর সূত্রে এখবর জানা গেছে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১৩১তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের

অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

Courtesy Meet :

এয়ারপোর্ট অথরিটি অব ইণ্ডিয়ার উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক নির্বাহী পরিচালক জ্ঞান বাত্রা, আগরতলার এমবিবি বিমানবন্দরের নতুন অধিকর্তা কৃষ্ণ মোহন নেহরা গতকাল সচিবালয়ে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরির সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাতকরে মিলিত হন। সাক্ষাৎকালে তাদের মধ্যে বিমানবন্দরের পরিকাঠামো গত উন্নয়ন, সমস্যা নিরসন নিয়ে আলোচনা হয়।

AVYAY :

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী অটল বয়ো: অভ্যুদয় যোজনায় গতকাল রানীরবাজার পুর পুরপরিষদ আয়োজিত প্রবীন নাগরিকদের জন্য সচেতনতা শিবিরের উদ্বোধন করেন। মন্ত্রী জানান, ভারত সরকারের সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের উদ্যোগে এই যোজনায় প্রবীন নাগরিকদের আর্থিক নিরাপত্তা, স্বাস্থ্যসেবা, মর্যাদা এবং সামাজিক অন্তর্ভুক্তি নিশ্চিত করে একটি উন্নত জীবনযাত্রার সুযোগ করে দিয়েছে। অনুষ্ঠানে মন্ত্রী মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ প্রকল্পে সুবিধাভোগীদের ৫০ হাজার টাকার চেক ও দিব্যাঙ্গনদের সামাজিক ভাতার ৫ হাজার টাকার অনুদান তুলে দিয়েছেন।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রি সেলসিয়াস।
